মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/এইচএসসি/২০২৫/ ১৪০৫ তারিখ : ২৯/০১/২০২৬ খ্রিঃ

## উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের e-TIF পূরণ এবং তথ্য হালনাগাদ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

**e-TIF পূরণের নির্দেশনাসমূহ:**

১। প্রতিষ্ঠান প্রধান কর্মরত সকল শিক্ষকের e-TIF পূরণ নিশ্চিত করবেন।

২। একজন শিক্ষক কেবল ০১ (এক) টি বিষয়ে আবেদন করবেন। তিনি যে বিষয়ে নিয়োগপ্রাপ্ত কেবল সেই বিষয়েই তালিকাভুক্ত হবেন।

৩। সরকারি/বেসরকারি কলেজে কর্মরত প্রদর্শক ও লাইব্রেরিয়ান e-TIF-এ অন্তর্ভুক্ত হতে পারবেন না।

৪। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতাধীন শুধু উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানরত শিক্ষকগণ e-TIF পূরণ করবেন। Non-MPO, খণ্ডকালীন, অনিয়মিত এবং গুরুতর অসুস্থ শিক্ষকদের তথ্য e-TIF-এ অন্তর্ভুক্ত করা যাবে না।

৫। শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী/রুপালী ব্যাংকের (১৩ ডিজিটের) হিসাব নম্বর প্রদান করবেন। ব্যাংকের শাখার নাম, উপজেলা ও জেলার নাম অবশ্যই পূরণ করতে হবে।

৬। e-TIF পূরণের সময় কর্মরত শিক্ষকগণ চাকুরিতে প্রথম যোগদানের তারিখ এবং নিজ নামে নিবন্ধিত সচল মোবাইল নাম্বার উল্লেখ করবেন (যে নাম্বারে কল/মেসেজ পেতে ইচ্ছুক)।

৭। ইনডেক্সধারী শিক্ষকগণ অবশ্যই তাদের ইনডেক্স নাম্বার পূরণ করবেন। সরকারি কলেজের শিক্ষকগণ নিজ আইডি নাম্বার পূরণ করবেন।

৮। সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন বিষয়ক প্রশিক্ষণ থাকলে (ঢাকা/আঞ্চলিক পর্যায়ে) সংশ্লিষ্ট তথ্য পূরণ করবেন। ইতোপূর্বে e-TIF-ভুক্ত শিক্ষকগণ সৃজনশীল প্রশিক্ষণ সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করতে পারবেন।

৯। যেসকল শিক্ষক বদলি হয়ে অন্যত্র গমন করেছেন তাদের নাম প্রতিষ্ঠান প্রধান e-TIF থেকে বাদ দিবেন এবং যোগদানকৃত প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান তাদের নাম e-TIF-এ অন্তর্ভুক্ত করবেন।

১০। অবসর গমন/মৃত্যু/অন্য কোনো কারণে পদ শূন্য হলে (প্রযোজ্য ক্ষেত্রে) তার নাম প্রতিষ্ঠান প্রধান e-TIF থেকে delete করবেন। ইতোমধ্যে যেসকল Non-MPO শিক্ষক e-TIF পূরণ করেছেন, প্রতিষ্ঠান প্রধান তাদের নাম তালিকা থেকে delete করবেন।

১১। e-TIF পূরণে কোনো শিক্ষকের তথ্য অসত্য প্রমাণিত হলে ডাটাবেজ থেকে তার নাম স্থায়ীভাবে বাদ দেওয়া হবে।

১২। প্রতিষ্ঠান প্রধানের তত্ত্বাবধানে বিষয়ভিত্তিক শিক্ষকগণ e-TIF পূরণ করবেন। e-TIF-এ কোনো ভুল তথ্য পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

**১৩। ০১/০২/২০২৬ থেকে ২৮/০২/২০২৬ তারিখ পর্যন্ত e-TIF পূরণ এবং তথ্য Update করা যাবে। e-TIF পূরণকৃত শিক্ষকদের Print Copy প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন।**

**১৪। HSC 2026 Teacher Info Entry Panel লিংকে প্রবেশ করে e-TIF পূরণ ও তথ্য Update করা যাবে।**

২৯.০১.২০২৬
**প্রফেসর জি, এম, শহীদুল ইসলাম (৭০৪৯)**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোন- ০২-৪৭৮৮৩৪৩৭০

**অধ্যক্ষ**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর
আওতাধীন সকল কলেজ।